গুজব ছড়িয়ে গণপিটুনিতে অংশ নিলে কঠোর ব্যবস্থা

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, যারা সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব ছড়িয়ে গণপিটুনির মতো ঘটনা ঘটাবে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। গুজব ছড়িয়ে গণপিটুনিতে যারা অংশ নেবে প্রত্যেকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। কাউকে ছাড় দেওয়া হবে না।

আজ মঙ্গলবার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে তাৎক্ষণিক সংবাদ সম্মেলনে তিনি একথা জানান।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, গত ২০ তারিখ বাড্ডায় গণপিটুনিতে এক মায়ের নিহতের ঘটনায় যারা জড়িত আছে ভিডিও ফুটেজ দেখে তাদের সনাক্ত করা হচ্ছে। এরইমধ্যে মোবাইলের ভিডিও ফুটেজ দেখে ৭ জনকে আটক করা হয়েছে। এ ছাড়া সাড়া দেশে গুজব ছড়ানোর অভিযোগে আটক হয়েছে আরো ৮১ জন।

তিনি বলেন, যারা এ ধরনের ঘটনার সত্যতা বিচার-আচার না করে নিজেরা আইন হাতে তুলে নিচ্ছেন, তাদের কাছে সবিনয় অনুরোধ করবো আপনারা কোনোক্রমেই আইন হাতে তুলে নেবেন না। আইন প্রয়োগকারী সংস্থা আছে, যদি কারো প্রতি কোনো রকম সন্দেহ হয়, আইন প্রয়োগকারী সংস্থার হাতে সোপর্দ করেন। কিংবা তাদের ৯৯৯-এ জানান। কিংবা ওই এলাকার সবাইকে জানান।

তিনি আরো বলেন, এরই মধ্যে কয়েকজন এ ধরনের দুঃখজনক ঘটনার শিকার হয়েছেন। আমরা বসে নেই। সবগুলো ঘটনা সামনে এনে ভিডিওফুটেজ দেখে কারা কারা সম্পৃক্ত হয়েছিলেন, আমরা আইনানুগ ব্যবস্থা নিচ্ছি বলেও জানা তিনি।